**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
**মুখপাত্র**
**www.sec.gov.bd**

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৭৮ তারিখ: ০৫ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ / ২১ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ৯৭৮তম কমিশন সভা।**

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ৯৭৮তম কমিশন সভা অদ্য ২১/১০/২০২৫ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

ক) স্টক ব্রোকার ও মার্চেন্ট ব্যাংকার কর্তৃক কমিশনের নিকট দাখিলকৃত বোর্ড অনুমোদিত অ্যাকশন প্ল্যান বিবেচনাপূর্বক নেগেটিভ ইক্যুইটি ও আনরিয়েলাইজড লস এর বিপরীতে প্রভিশন সংরক্ষণ এবং নেগেটিভ ইক্যুইটি ও আনরিয়েলাইজড লসের সমন্বয় করার সময়সীমা জনতা ক্যাপিটাল অ্যান্ড ইনভেস্টমেন্ট লিমিটেড ক্ষেত্রে ৩১ ডিসেম্বর, ২০৩০ পর্যন্ত এবং প্রিমিয়ার ব্যাংক সিকিউরিটিজের ক্ষেত্রে ৩১ ডিসেম্বর, ২০৩২ পর্যন্ত বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। নেগেটিভ ইক্যুইটি ও আনরিয়েলাইজড লস এর বিপরীতে প্রভিশন সংরক্ষণ ও সমন্বয়ের ক্ষেত্রে স্টক ব্রোকার ও মার্চেন্ট ব্যাংকারের নিট সম্পদ(net worth) এর ঘাটতি সংক্রান্ত বিধান পরিপালনে শিথিলতা থাকবে।

খ) স্টক এক্সচেঞ্জের মূল বোর্ড হতে তালিকাচ্যুত পদ্মা প্রিন্টার্স অ্যান্ড কালার লিমিটেডের ৫১ শতাংশ শেয়ার অধিগ্রহণের নিমিত্ত ১০ টাকা অভিহিত মূল্যের প্রতিটি শেয়ার ২৮৯.৪৮ টাকা দরে ক্রয়ের মাধ্যমে LR Global Bangladesh Asset Management Company Limited কর্তৃক পরিচালিত ৬টি মিউচ্যুয়াল ফান্ড যথা: ১) NCCBL Mutual Fund-1 ২) LR Global Bangladesh Mutual Fund One ৩) AIBL First Islamic Mutual Fund ৪) MBL First Mutual Fund ৫) DBH First Mutual Fund ৬) Green Delta Mutual Fund থেকে ২৩ কোটি ৬২ লক্ষ টাকা বিনিয়োগ করা হয়। উক্ত বিনিয়োগের সময় পদ্মা প্রিন্টার্স অ্যান্ড কালার লিমিটেডের ব্যবসায়িক কার্যক্রম ছিল না। এছাড়াও এসময় প্রতিষ্ঠানটির প্রতি শেয়ারের নেট অ্যাসেট ভ্যালু(NAV) ছিল নেগেটিভ ২.৭৪ টাকা এবং নেগেটিভ রিটেন আর্নিং ছিল ২.৩৫ কোটি টাকা(৩০ জুন ২০২২ অনুযায়ী)। উক্ত বিনিয়োগের অব্যবহিত পূর্বে ডিএসইর ওটিসি প্ল্যাটফর্মে কোম্পানিটির প্রতিটি শেয়ারের ট্রেডিং প্রাইস ছিল মাত্র ১৩.৬০ টাকা। পরবর্তীতে মিউচ্যুয়াল ফান্ডসমূহ হতে মনোনীত পরিচালকের (যারা ফান্ডের সাথে কোন ভাবেই স্বার্থ সংশ্লিষ্ট নয় বরং LR Global Bangladesh এর স্বার্থপুষ্ট ব্যক্তি) মাধ্যমে কোম্পানিটির বোর্ড গঠন করা হয় এবং কোম্পানিটির নাম পরিবর্তন করে 'কোয়েস্ট বিডিসি লিমিটেড' নামকরণ করা হয়। একইসাথে কোম্পানিটির পরিশোধিত মূলধন প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ১.৬০ কোটি টাকা হতে ৫০ কোটি টাকায় উন্নীত করা হয়। উক্ত ৬টি ফান্ড হতে প্রতিটি শেয়ার ১৫.৮৮ টাকা মূল্যে মোট ৪৫.০২ কোটি টাকা বিনিয়োগ করা হয়। এসময় কোম্পানির বিদ্যমান পূর্বতন শেয়ারহোল্ডারকে কোন শেয়ার দেয়া হয়নি। এছাড়াও উল্লেখিত ক্ষেত্রে বিধি মোতাবেক প্রাইস সেনসেটিভ ইনফরমেশন (Price Sensitive Information) প্রকাশ করা হয়নি, ইজিএম (Extraordinary General Meeting) করা হয়নি এবং প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যুকৃত শেয়ার লক ইন করা হয়নি। উল্লেখিত ৬ টি মিউচ্যুয়াল ফান্ড হতে ব্যবসায়িক কার্যক্রমে না থাকা এমন লোকসানি কোম্পানিতে ৬৮.৬৪ কোটি টাকা বিনিয়োগের মাধ্যমে ইউনিটহোল্ডারদের স্বার্থ ক্ষুন্ন করা হয়। এ প্রেক্ষিতে কমিশন জড়িতদের বিরুদ্ধে নিম্নলিখিত শাস্তিমূলক সিদ্ধান্ত গ্রহণ করেছে:

১) প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে পরিশোধিত মূলধন ১.৬০ কোটি টাকা হতে ৫০ কোটি টাকায় উন্নীত করার ক্ষেত্রে বিধি মোতাবেক প্রাইস সেনসেটিভ ইনফরমেশন (Price Sensitive Information) প্রকাশ না করা, ইজিএম (Extraordinary General Meeting) না করা এবং প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যুকৃত শেয়ার লক ইন না করার মাধ্যমে সিকিউরিটিজ আইন লঙ্ঘনের দায়ে কোয়েস্ট বিডিসি লিমিটেড এর তৎকালীন পরিচালক যথা: Mr. Reaz Islam - representative director of DBH First Mutual Fund, Mr. Rezaur Rahman Sohag - Chairman and representative director of Green Delta Mutual Fund, Brigadier General Sharif Ahsan (Rtd), then Managing Director and representative director of AIBL 1st Islamic Mutual Fund, Ms. Medina Ali - representative director of MBL 1st Mutual Fund, Mr. Syed Kamrul Hoda representative director of LR Global Bangladesh Mutual Fund One ও Mr. Md. Omar Soeb Chowdhury - representative Director of NCCBL Mutual Fund-1 এর প্রত্যেককে ১ কোটি টাকা করে অর্থদন্ড আরোপ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২) LR Global Bangladesh Asset Management Company Limited কর্তৃক ব্যবস্থাপনাকৃত উক্ত ৬টি মিউচ্যুয়াল ফান্ড হতে বিধিবহির্ভূতভাবে বিনিয়োগকৃত অর্থ সুদসহ মোট ৯০ কোটি টাকা ফান্ডসমূহের বিনিয়োগের অনুপাতে ৩০ দিনের মধ্যে উক্ত ৬টি ফান্ডে ফেরত আনার সিদ্ধান্ত গৃহীত হয়। LR Global Bangladesh Asset Management Company Limited এর প্রধান নির্বাহী কর্মকর্তা ও প্রধান বিনিয়োগ কর্মকর্তা Mr. Reaz Islam উক্ত অর্থ ফান্ডগুলোতে ফেরত আনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। ফান্ডগুলোতে উক্ত সময়ের মধ্যে এ অর্থ ফেরত আনতে ব্যর্থ হলে অর্থদন্ড প্রদানের আদেশের তারিখ হতে LR Global Bangladesh Asset Management Company Limited এর পরিচালক ও সিইও Mr. Reaz Islam-কে ৯৮ কোটি টাকা এবং পরিচালক Mr. George M. Stock III-কে ১ কোটি টাকা ও পরিচালক Mr. Rezaur Rahaman Sohag-কে ১ কোটি টাকা অর্থদন্ড আরোপ করারও সিদ্ধান্ত গৃহীত হয়।

৩) 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১' এর বিধান ভঙ্গ করে ব্যবসায়িক কার্যক্রমে না থাকা এবং NAV ও রিটেন আর্নিং নেগেটিভ এমন দুর্বল কোম্পানির একক শেয়ারে বিনিয়োগ করায় উক্ত ৬টি ফান্ডের ইউনিটহোল্ডারদের স্বার্থ ক্ষুন্ন হয়। এ প্রেক্ষিতে জনস্বার্থে ৬টি মিউচ্যুয়াল ফান্ডের সম্পদ ব্যবস্থাপক হিসেবে LR Global Bangladesh Asset Management Company Limited এর নিয়োগ বাতিলের প্রক্রিয়া শুরু সিদ্ধান্ত গৃহীত হয়।

৪) উল্লেখিত ৬টি মিউচ্যুয়াল ফান্ডের যথাযথ তদারকি ও দায়িত্ব পালনে ব্যর্থতার কারণে ইউনিটহোল্ডারদের স্বার্থ ক্ষুন্ন হওয়ায় ফান্ডসমূহের ট্রাস্টি-Bangladesh General Insurance Company Limited (BGIC)-কে ৩ কোটি টাকা অর্থদন্ড করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৫) মিথ্যা তথ্য প্রদান করায় কোয়েস্ট বিডিসি লিমিটেড এর তৎকালীন পরিচালনা পর্ষদের চেয়ারম্যান Mr. Rezaur Rahman Sohag-কে ১০ লক্ষ টাকা অর্থদন্ড করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৬) কোয়েস্ট বিডিসি লিমিটেড এর ৩০ জুন ২০২৩ তারিখে সমাপ্ত আর্থিক বছরের নিরীক্ষা প্রতিবেদন প্রদানের ক্ষেত্রে যথাযথভাবে পেশাগত দায়িত্ব পালনে ব্যর্থতার কারণে বিনিয়োগকারীদের স্বার্থ ক্ষুন্ন হওয়ায় নিরীক্ষক Shafiq Basak & Co., চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য বিষয়টি ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (FRC)-এ প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৭) একই সময়ে ৩ টি প্রতিষ্ঠান যথা: সোনালী সিকিউরিটিজ লিমিটেড ও কোয়েস্ট বিডিসি লিমিটেড এর তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক এবং AIBL First Islamic Mutual Fund এর তৎকালীন পরিচালক এর দায়িত্বে থাকায় সৃষ্ট স্বার্থের সংঘাত থাকার কারণে Brigadier General Sharif Ahsan (Rtd)-কে ১ লক্ষ টাকা অর্থদন্ড করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৮) ৬টি মিউচ্যুয়াল ফান্ড হতে বিধিবহির্ভূতভাবে ২৩ কোটি ৬২ লক্ষ টাকা তৎকালীন পদ্মা প্রিন্টার্স অ্যান্ড কালার লিমিটেডে বিনিয়োগের বিষয়টি অনুমোদন এবং কোয়েস্ট বিডিসি লিমিটেড এর পরিশোধিত মূলধন ১.৬০ কোটি টাকা হতে ৫০ কোটি টাকায় উন্নীত করার বিষয়টি অনুমোদনের প্রক্রিয়ায় অনৈতিক যোগসাজশ থাকার বিষয়টি প্রমানিত হওয়ায় বিএসইসির সাবেক চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম ও LR Global Bangladesh Asset Management Company Limited এর প্রধান নির্বাহী কর্মকর্তা ও প্রধান বিনিয়োগ কর্মকর্তা Mr. Reaz Islam-কে পুঁজিবাজারের কার্যক্রম থেকে আজীবন নিষিদ্ধের সিদ্ধান্ত গৃহীত হয়।

৯) কোয়েস্ট বিডিসি লিমিটেড কর্তৃক প্রতিটি ১০ টাকা অভিহিত মূল্যের শেয়ার প্রতিটি ৫২.২৫ টাকা করে মোট ২৪.৯৫ কোটি টাকা Thyrocare Bangladesh Limited-এ বিনিয়োগ করা হয়। এই বিনিয়োগের ক্ষেত্রে শেয়ার মূল্যায়ন (valuation) করেছেন City Bank Capital Resources Limited। City Bank Capital Resources Limited এর তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক Mr. Ershad Hossain ও LR Global Bangladesh Asset Management Company Limited এর প্রধান নির্বাহী কর্মকর্তা ও প্রধান বিনিয়োগ কর্মকর্তা Mr. Reaz Islam এর যোগসাজশের প্রেক্ষিতে উক্ত শেয়ার মূল্যায়ন (valuation) করা হয়। উক্ত শেয়ার মূল্যায়ন (valuation) এর মাধ্যমে কোয়েস্ট বিডিসি লিমিটেড থেকে ২৪.৯৫ কোটি টাকা Thyrocare Bangladesh Limited-এ হস্তান্তরিত হয় যার মাধ্যমে মানিলন্ডারিং সংঘটিত হয়েছে বলে প্রতিয়মান হওয়ায় বিষয়টি অধিকতর তদন্তের জন্য দুর্নীতি দমন কমিশন(দুদক)-এ প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

23/10/2024

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র